# ইসলামিকফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]
**ধর্ম বিষয়ক মন্ত্রণালয়**
আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা১২০৭

**জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী 'মুজিববর্ষ' উদযাপন অগ্রগতি পর্যালোচনা, ১৭ মার্চ জাতীয় শিশু দিবস, ২২ মার্চ ইসলামিক ফাউন্ডেশনের প্রতিষ্ঠা বার্ষিকী, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক গৃহিত কর্মসূচির ফলোআপ সভার কার্যবিবরণী।**

সভাপতি : ড. মোঃ মুশফিকুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ইসলামিক ফাউন্ডেশন।

তারিখ ও সময় : ০৭ মার্চ ২০২১ সকাল ১১:০০ টা।

স্থান : ইসলামিক ফাউন্ডেশন সভাকক্ষ (২য় তলা), আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭।

সভায় প্রধান কার্যালয়ের পরিচালক ও প্রকল্প পরিচালকগণ ইসলামিক ফাউন্ডেশন সভাকক্ষে উপস্থিত হন। পবিত্র কুরআন তিলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু হয়। স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে ১৭ মার্চ হতে ২৬ মার্চ ২০২১ তারিখ পর্যন্ত ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বিভিন্ন কর্মসূচি গ্রহণের বিষয়ে সভার সভাপতি প্রধান কার্যালয়ের পরিচালক ও প্রকল্প পরিচালকগণের সাথে বিস্তারিত আলোচনা করেন।

২। অতঃপর সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা ও নিম্নরূপভাবে সিদ্ধান্তসমুহ গৃহীত হয়:

**১৭ মার্চ জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন :**

| ক্রম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | জাতীয় শিশু দিবস ২০২১ উপলক্ষে জাতীয় পতাকা উত্তোলন | বাংলাদেশ ফ্লাগ রুলস অনুযায়ী ইসলামিক ফাউন্ডেশনের আগারগাঁওস্থ প্রধান কার্যালয়, বায়তুল মুকাররম কার্যালয়, সকল বিভাগীয়/জেলা কার্যালয়, ৫০টি ইসলামিক মিশন কেন্দ্রও ৭টি ইমাম প্রশিক্ষণ একাডেমিসহ অন্যান্যসকল অফিস ভবনে ১৭ মার্চ ২০২১ বুধবার সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। | ১) সচিব ইসলামিক ফাউন্ডেশন ২) পরিচালক সমন্বয় বিভাগ/ বিভাগীয় কার্যালয় (সকল) |
| ০২ | জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘরে ১৭ মার্চ ২০২১ সকাল ৮ টায় মহাপরিচালকের নেতৃত্বে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। | পরিচালক, সমন্বয় বিভাগ |
| ০৩ | বায়তুল মুকাররম জাতীয় মসজিদে কোরআন খতম ও দোয়া মাহফিল | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের শহীদ সদস্যদের রুহের মাগফিরাত কামনা করে বিরাজমান করোনাভাইরাস পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক ১৭ মার্চ ২০২১ তারিখ সকালে বায়তুল মুকাররম জাতীয় মসজিদে ১০০ জন হাফেজের মাধ্যমে ১০০ বার কোরআন খতম ও দোয়া মাহফিল আয়োজন করতে হবে। | পরিচালক, দীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগ |
| ০৪ | বনানী কবরস্থানে বিশেষ কোরআন | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের শহীদ সদস্যদের রুহের মাগফিরাত কামনা করে | পরিচালক, দীনী দাওয়াত ও সংস্কৃতি |

| | | | |
|---|---|---|---|
| | খতম ও দোয়া মাহফিল | স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক ১৭ মার্চ ২০২০ সকালে বনানী কবরস্থানে কোরআন খতম ও দোয়া মাহফিল আয়োজন করতে হবে। | বিভাগ |
| ০৫ | দেশের সকল মসজিদে বিশেষ দোয়ার আয়োজন | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের শহীদ সদস্যদের রূহের মাগফিরাত কামনা করে ইসলামিক ফাউন্ডেশনের বিভাগীয় ও জেলা কার্যালয়ের মাধ্যমে ১৭ মার্চ ২০২১ তারিখ বাদ যোহর দেশের সকল মসজিদে বিশেষ দোয়ার আয়োজন করতে হবে। | পরিচালক, সমন্বয় বিভাগ/ বিভাগীয় কার্যালয় (সকল) |
| ০৬ | বিশেষ বিশেষ মসজিদে কুরআনখানি ও দোয়া মাহফিল | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের শহীদ সদস্যদের রূহের মাগফিরাত কামনা করে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক ১৭ মার্চ ২০২১ তারিখ সকালে চট্টগ্রামের আন্দরকিল্লা জামে মসজিদ, জমিয়তুল ফালাহ মসজিদ ও রাজশাহীর হেতেম খাঁ মসজিদে কোরআনখানি ও দোয়া মাহফিল আয়োজন করতে হবে। | পরিচালক, চট্টগ্রাম/ রাজশাহী বিভাগীয় কার্যালয়, প্রকল্প পরিচালক, জমিয়তুল ফালাহ মসজিদ ও কমপ্লেক্স |
| ০৭ | বিভাগীয়, জেলা ও উপজেলা কার্যালয়ে কোরআন খতম ও দোয়া মাহফিল | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের শহীদ সদস্যদের রূহের মাগফিরাত কামনা করে ১৭ মার্চ ২০২০ তারিখে ইসলামিক ফাউন্ডেশনের সকল বিভাগীয়/জেলা/উপজেলা কার্যালয়ে স্বাস্থ্যবিধি অনুসরণ করে কোরআন খতম ও দোয়া মাহফিল আয়োজন করতে হবে। | পরিচালক, সমন্বয় বিভাগ/ বিভাগীয় কার্যালয় (সকল) |
| ০৮ | ইসলামিক মিশন কেন্দ্রে আলোচনা সভা কোরআনখানি ও দোয়া মাহফিল | ইসলামিক মিশনের সকল কেন্দ্র ও মক্তবসমূহে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক আলোচনা সভা, কোরআনখানি ও দোয়া মাহফিল আয়োজন করতে হবে। | পরিচালক, ইসলামিক মিশন |
| ০৯ | টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিসৌধে অনুষ্ঠান | গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধি সৌধে স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব বজায় রেখে ১৭ মার্চ সকাল থেকে ১০০ জন হাফেজের মাধ্যমে ১০০ বার খতমে কোরআন ও দোয়া মাহফিল এবং বঙ্গবন্ধুর জীবন ও কর্মের ওপর আলোচনা সভা আয়োজন করতে হবে। | (১) পরিচালক সমন্বয় বিভাগ/অর্থ ও হিসাব বিভাগ (২) উপ-পরিচালক গোপালগঞ্জ জেলা কার্যালয় |
| ১০ | ‘জাতির পিতা বঙ্গবন্ধুর জীবন ও কর্ম’ শীর্ষক আলোচনা সভা | ইসলামিক ফাউন্ডেশনের জেলা ও উপজেলা কার্যালয়ে স্বাস্থ্যবিধি অনুসরণ করে ‘জাতির পিতা বঙ্গবন্ধুর জীবন ও কর্ম’ শিরোনামে আলোচনা সভা আয়োজন করতে হবে। | পরিচালক, সমন্বয় বিভাগ/বিভাগীয় কার্যালয় (সকল) |
| ১১ | ফ্রি চিকিৎসা সেবা প্রদান | ইসলামিক ফাউন্ডেশনের আগারগাঁওস্থ প্রধান কার্যালয়ের স্বাস্থ্যসেবা কেন্দ্র, বায়তুল মুকাররম ডায়াগনস্টিক সেন্টার, ঝালকাঠি হাসপাতালসহ ইসলামিক মিশনের ৫০টি কেন্দ্রে ১৭ মার্চ ২০২১ তারিখে দিনব্যাপি ফ্রি চিকিৎসা সেবা এবং প্যাথলজিক্যাল সেবাসহ ঔষধ প্রদান করতে হবে। | পরিচালক, ইসলামিক মিশন |

**১৮/০৩/২০২১ খ্রি. তারিখের কর্মসূচি:**

| | | | |
|---|---|---|---|
| ১২ | ‘জাতির পিতা বঙ্গবন্ধুর জীবন ও কর্ম’ শীর্ষক আলোচনা সভা | ১৮ মার্চ ২০২১ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশনের প্রধান কার্যালয়ে বিকাল ৩:০০টায় ‘জাতির পিতা বঙ্গবন্ধুর জীবন ও কর্ম’ শিরোনামে আলোচনা সভা আয়োজন করতে হবে। | পরিচালক, সমন্বয় বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| **২১/০৩/২০২১ খ্রি. তারিখের কর্মসূচি:** | | | |
| ১৩ | দুঃস্থ ও অসহায়দের মাঝে যাকাত বিতরণ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী 'মুজিববর্ষ' উদযাপন উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশনের যাকাত বিভাগ কর্তৃক ২১ মার্চ ২০২১ বিকাল ৩:০০টায় ২০ জন দুঃস্থ, অসহায় ও হতদরিদ্রের মধ্যে কেন্দ্রীয়ভাবে যাকাত বিতরণ করা হবে। যাকাত বিতরণ শেষে মহাপরিচালক মহোদয় জুম অ্যাপসের মাধ্যমে বিভাগীয় ও জেলা কার্যালয়ের পরিচালক ও উপ-পরিচালকগণের সাথে যাকাত সংগ্রহ সম্পর্কে মতবিনিময় সভা করবেন। | পরিচালক, যাকাত বিভাগ |
| **২২/০৩/২০২১ খ্রি. তারিখের কর্মসূচি :** | | | |
| ১৪ | ইসলামিক ফাউন্ডেশনের প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক প্রতিষ্ঠিত ইসলামিক ফাউন্ডেশনের প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে ২২ মার্চ ২০২১ তারিখে নিম্নোক্ত কর্মসূচি বাস্তবায়িত হবে:<br>১) সকাল ৭:০০টায় জাতির পিতার প্রতিকৃতিতে (ধানমন্ডি ৩২ নম্বর) পুষ্পস্তবক অর্পন।<br>২) বায়তুল মুকাররম জাতীয় মসজিদে সকাল ১০:৩০টায় কোরআনখানি ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে।<br>৩) ইসলামিক ফাউন্ডেশন প্রতিষ্ঠাসহ ইসলামের প্রচার প্রসারে বঙ্গবন্ধুর অবদান শীর্ষক আলোচনা সভা আগারগাঁওস্থ প্রধান কার্যালয়ের মিলনায়তনে বিকাল ৩:০০টায় অনুষ্ঠিত হবে।<br>৪) ইসলামিক ফাউন্ডেশনের সকল বিভাগীয় ও জেলা কার্যালয়ে প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করতে হবে।<br>৫) ইসলামিব ফাউন্ডেশনের প্রধান কার্যালয় ও বায়তুল মুকাররম কমপ্লেক্সে আলোকসজ্জা করতে হবে। | পরিচালক, সমন্বয় বিভাগ/ দীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগ/ বিভাগীয় কার্যালয় (সকল) |
| **২৩/০৩/২০২১ খ্রি. তারিখের কর্মসূচি:** | | | |
| ১৫ | বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে ১০০টি শিরোনামের ১০০টি বই প্রকাশ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী 'মুজিববর্ষ' উপলক্ষে ২৩ মার্চ ২০২১ তারিখে ইসলামিক ফাউন্ডেশনের প্রকাশনা বিভাগ কর্তৃক প্রকাশিত ১০০টি শিরোনামের বই পরিচিতি বুকলেট আকারে প্রকাশ করা হবে এবং তা ইসলামিক ফাউন্ডেশনের ওয়েবসাইটে আপলোড করা হবে। | পরিচালক প্রকাশনা বিভাগ |
| **২৪/০৩/২০২১ খ্রি. তারিখের কর্মসূচি:** | | | |
| ১৬ | 'জাতি গঠন ও দেশের আর্থ-সামাজিক উন্নয়নে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্পের অবদান' শীর্ষক আলোচনা সভা | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী 'মুজিববর্ষ' উপলক্ষে 'জাতি গঠন ও দেশের আর্থ সামাজিক উন্নয়নে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্পের অবদান' শীর্ষক আলোচনা সভা ২৪ মার্চ ২০২১ তারিখে বিকাল ৩:০০টায় আগারগাঁওস্থ প্রধান কার্যালয়ের মিলনায়তনে অনুষ্ঠিত হবে। | ১) প্রকল্প পরিচালক ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প সমূহ<br>২) পরিচালক পরিকল্পনা বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| **২৫/০৩/২০২১ খ্রি. তারিখের কর্মসূচি:** | | | |
| ১৭ | ২৫ মার্চ গণহত্যা দিবস পালন | ২৫ মার্চ ২০২১ তারিখ বাদ যোহর স্বাস্থ্যবিধি অনুসরণ করে বায়তুল মোকাররম জাতীয় মসজিদসহ দেশের সকল মসজিদে বিশেষ দোয়ার ব্যবস্থা করা হবে। | পরিচালক, সমন্বয় বিভাগ/ দীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগ/ বিভাগীয় কার্যালয় |
| **২৬/০৩/২০২১ খ্রি. তারিখের কর্মসূচি:** | | | |
| ১৮ | ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন | যথাযোগ্য মর্যাদায় ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশনের আগারগাঁওস্থ প্রধান কার্যালয়ে, বায়তুল মোকাররম কার্যালয়, সকল বিভাগীয় ও জেলা কার্যালয়, ৫০টি ইসলামিক মিশন কেন্দ্র ও ৭টি ইমাম প্রশিক্ষণ একাডেমিসহ অন্যান্য সকল অফিস ভবনে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। এছাড়া প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়ের উদ্যোগে স্বাস্থ্যবিধি অনুসরণ করে 'স্বাধীনতার গুরুত্ব ও তাৎপর্য' শীর্ষক আলোচনা সভা ও বিশেষ দোয়ার ব্যবস্থা করা হবে। ইসলামিক ফাউন্ডেশনের আগারগাঁওস্থ প্রধান কার্যালয় ও বায়তুল মোকাররম মসজিদ মার্কেট কমপ্লেক্স ও বিভাগীয় কার্যালয় ভবনে আলোকসজ্জা করা হবে। | পরিচালক, সমন্বয় বিভাগ/ দীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগ/ বিভাগীয় কার্যালয় (সকল) |

৩। সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সাহায্য কামনা করে মহান আল্লাহর নিকট মুনাজাত করা হয়। বিদ্যমান কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনা করে স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণ ও সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০১/২০২১

ড. মোঃ মুশফিকুর রহমান
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোন : ৮১৮১৫১৬